

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন,  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, রমনা, ঢাকা-১০০০।  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নং:৪৯.০৪.০০০০.০০৪.১৮.১৮.০৩২.২০১৯-৪৯

তারিখ:- ০১-০৩-২০২০খ্রিঃ


### নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের অধীনে সম্পূর্ণ অস্থায়ীভাবে চুক্তিভিত্তিক মাসিক সর্বসাকুল্য বেতনে নিম্নলিখিত শর্তে আরবী অনুবাদক নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	মাসিক সর্বসাকুল্য বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	আরবী অনুবাদক	০১ (এক)	৩০(ত্রিশ) বৎসর	৩৫,৬০০/- (পঁয়ত্রিশ হাজার ছয়শত) টাকা	অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী/ইসলামী শিক্ষায় সম্মানসহ স্নাতকোত্তর অথবা কামিল। প্রার্থীকে অনুবাদে (আরবী হতে বাংলা /আরবী হতে ইংরেজী/ বাংলা হতে আরবী/ ইংরেজী হতে আরবী) দক্ষতা থাকতে হবে।

#### শর্তাবলী:

- নিয়োগ বিজ্ঞপ্তি [www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীকে (ক) পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্ত, (খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, (গ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, (ঘ) জাতীয় পরিচয়পত্র এবং (ঙ) অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক আবেদনপত্র আগামী ২৫-০৩-২০২০ তারিখের মধ্যে মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় ডাকযোগে বা সরাসরি আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- আবেদনপত্রের সাথে আবেদনকারীর বর্তমান ও স্থায়ী ঠিকানা (ইংরেজী ও বাংলায়), মোবাইল নম্বর ও ই-মেইল আইডি উল্লেখ করতে হবে।
- মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এস.এস.সি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে উল্লিখিত বয়স সীমার মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- কর্মরত চাকুরী প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল অনুমতিপত্র প্রদর্শনপূর্বক এক কপি সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় অবশ্যই শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ক্রটিপূর্ণ বা অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- নিয়োগ সম্পর্কে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।
- তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বা পুরো নিয়োগ প্রক্রিয়া বাতিল বা সাময়িকভাবে স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(শোয়াইব আহমাদ খান)  
যুগ্ম-সচিব  
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)  
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড